

তারিখ: ১২.০৩.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: ঝালকাঠি জেলার সদর উপজেলায় অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যের বাসার ১২ বছরের শিশু গৃহকর্মীর ধর্ষণের কারণে মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণসহ নির্যাতনের শিকার শিশুর পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১২.০৩.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, ঝালকাঠি জেলার সদর উপজেলায় অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যের বাসার ১২ বছরের শিশু গৃহকর্মী ধর্ষণের কারণে মৃত্যুর ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার শিশুর বাড়ি বরিশালের বানারীপাড়া উপজেলায় এবং সে একজন দিনমজুরের মেয়ে। ৫ মাস আগে উক্ত শিশুকে তার বাবা ঝালকাঠির সদর উপজেলার বালিগোনা এলাকার অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য মান্নানের বাসায় গৃহকর্মীর কাজে দেয়। গত ০৯.০৩.১৭ তারিখ উক্ত শিশুকে ধর্ষণের পর মান্নান শিশুর বাবাকে ফোনে শিশুর অসুস্থতার কথা বলে তাকে নিয়ে যেতে বলে। শিশুটির শারীরিক অবস্থা খারাপ হলে তাকে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয় এবং সেখানে অতিরিক্ত রক্ত ক্ষরণের কারণে শিশুটি মৃত্যুবরণ করে।

বাংলাদেশ মহিলা পরিষদ অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যের বাসার ১২ বছরের শিশু গৃহকর্মী ধর্ষণের কারণে মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণ এবং নির্যাতনের শিকার শিশুর পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে গৃহকর্মী সুরক্ষা আইনের বাস্তবায়নের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ